

বোবা টানেল লিরিক্স:-

ফিরে গেছে কত,
বোবা টানেলের গলা চিরে আলো।
ইচ্ছেরা ছুটে চলে,
সারাটা দিন জুড়ে,
তুমি আনাগোনা করেছ সেই সুরে,
তার রঙ লেগে আছে
অবুঝের পেন্সিল। (x2)

ভালোবাসা বাকি আছে তোমারও আমার কাছে,
যা চেয়েছ দিতে আমি পারিনা।
আমারও সময় ডালে ফুরিয়ে এসেছে পাতা,
এত প্রেম কাছে এসে এলোনা।

যদি কোনোদিন তুমি
দু'হাত দিয়ে ঝিনুক কোড়াও, নেই আমি
সেই অল্প ভাঙা গল্পগুলোয়, কার সাথে
বলো শব্দ ছুঁড়ে ফিরবো বাড়ী, মাঝরাতে
আমি তোমার কথা বলবো কাকে ?

হেঁটে গেছি আমি
আয়ুরেখা ধরে, সাড়া দিতে এত
দেবী হয়ে গেলো বলে।
জন্ম মৃত্যু ভেঙে
ভোরবেলা তুমি আলো হয়ে ফোটাে,
আমি জেগে আছি এসো
প্রতি চুম্বনে স্থির।

কখনও নাগরদোলা ওলটে পালটে সবই
আমাদের ছিড়ে খেলো জোনাকি।
আমারো সময় ডালে ফুরিয়ে এসেছে পাতা,
এত প্রেম কাছে এসে এলোনা।

যদি কোনোদিন তুমি
দু'হাত দিয়ে ঝিনুক কোড়াও, নেই আমি
সেই অল্প ভাঙা গল্পগুলোয়, কার সাথে
বলো শব্দ ছুঁড়ে ফিরবো বাড়ী, মাঝরাতে
আমি তোমার কথা বলবো কাকে ? (x2)